



নজরুলের সাহিত্য-সংগীত আন্দোলনে অনুপ্রেরণার উৎস: রিজভী



রুহুল কবির রিজভী। ছবি : সংগৃহীত

জাতীয় কবি কাজী নজরুল ইসলামের সাহিত্য ও সংগীত দীর্ঘ সময় ধরে বিভিন্ন আন্দোলন-সংগ্রামে মানুষের মধ্যে সাহস ও উদ্দীপনা তৈরি করেছে বলে মন্তব্য করেছেন বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী।

সোমবার (২৫ মে) সকালে ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় মসজিদের পাশের কবির সমাধিতে শ্রদ্ধা জানাতে গিয়ে তিনি এসব কথা বলেন।

রিজভী বলেন, নজরুলের কবিতা ও গান সবসময়ই আন্দোলনমুখী মানুষের জন্য অনুপ্রেরণার শক্তি হিসেবে কাজ করেছে।

প্রতিবাদ, প্রতিরোধ কিংবা অধিকার আদায়ের যেকোনো সংগ্রামে তাঁর সৃষ্টি মানুষকে এগিয়ে যেতে সাহায্য করেছে।

তিনি আরও বলেন, অতীতের বিভিন্ন রাজনৈতিক আন্দোলন থেকে শুরু করে কারাবন্দি ও নির্যাতনের কঠিন সময়েও নজরুলের লেখা ও সুর নেতাকর্মীদের মানসিক শক্তি জুগিয়েছে।

তিনি উল্লেখ করেন, নজরুল শুধু একজন কবি নন, বরং তিনি একটি বড় প্রেরণার নাম। সরকার ইতোমধ্যে ২০২৬ সালের ২৫ মে থেকে ২০২৭ সালের ২৫ মে পর্যন্ত নজরুল বর্ষ ঘোষণা করেছে। এই সময়জুড়ে নজরুলচর্চা ও গবেষণায় বিশেষ গুরুত্ব দেওয়া হবে বলেও তিনি আশা প্রকাশ করেন।